# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ নবী চরিত

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## পরিশিষ্ট-১ - ১০. হজ্জ ও ওমরাহসমূহ (حجه وعُمُراته صــ)

আনাস (রাঃ) বলেন, রাসূল (ছাঃ) মাত্র ১টি হজ্জ করেন এবং হিজরতের পরে মোট চারটি ওমরাহ করেন। (১) ৬ষ্ঠ হিজরীতে হোদায়বিয়ার ওমরাহ (عُمْرَةُ الْحُدَيْبِيَةِ), যা পূর্ণ না হওয়ায় তিনি সন্ধি করে ফিরে যান (২) ৭ম হিজরীতে গত বছরের সন্ধি মতে ওমরাহ (عُمْرَةُ الْقَضَاءِ) আদায় (৩) ৮ম হিজরীতে মক্কা বিজয় ও হোনায়েন যুদ্ধের পর গণীমত বণ্টন শেষে জি‘ইর্রা-নাহ হ’তে ওমরাহ (عُمْرَةُ الْجِعِرَّانَةِ) আদায় এবং (৪) সবশেষে ১০ম হিজরীতে বিদায় হজ্জের সাথে একত্রিতভাবে ওমরাহ আদায়। সবগুলিই তিনি করেছিলেন যুলক্বা‘দাহ মাসে’।[1] উক্ত হিসাবে দেখা যায় যে, তিনি পৃথক ও স্বতন্ত্রভাবে কেবল দু’টি ওমরাহ করেছেন। একটি ৭ম হিজরীতে ওমরাতুল ক্বাযা এবং অন্যটি ৮ম হিজরীতে ওমরাতুল জি‘ইর্রানাহ। সম্ভবতঃ একারণেই ছাহাবী বারা বিন আযেব (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (ছাঃ) তাঁর হজ্জের পূর্বে দু’টি ওমরাহ করেছেন যুলক্বা‘দাহ মাসে’।[2]

### ফুটনোট

[1]. যাদুল মা‘আদ ২/৮৬; বুখারী হা/৪১৪৮; মুসলিম হা/১২৫৩; মিশকাত হা/২৫১৮।

[2]. বুখারী হা/১৭৮১; মিশকাত হা/২৫১৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5811

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন